

ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমের বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ০৩/০৫/২০২৬ তারিখে প্রকাশ করা হয়েছে। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) ভর্তির চূড়ান্ত আবেদন ফরম Download করবে অতঃপর কলেজের ওয়েব সাইট <https://tolaramcollege.eshiksaems.com> থেকে কলেজে ভর্তির আবেদন ফরম Download করবে। Download কৃত আবেদন ফরম দুটি (জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের) প্রিন্ট করে প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজের ভর্তি ফরমে নির্ধারিত টাকা “বিকাশ/রকেট/উপায়” এর মাধ্যমে পরিশোধ করে অনলাইন রিসিট কপি নিয়ে সংশ্লিষ্ট বিভাগে সেমিনার ফি এবং নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ ভর্তি ফরম জমা দিবে।

- বিভাগ হতে আবেদন ফরম যাচাই- সময় সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ মি: পর্যন্ত (উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিন ব্যতিত)।
সময় দুপুর ১:০০ টা হতে বিকাল ৫:০০ মি: পর্যন্ত (উচ্চ মাধ্যমিক পরীক্ষার দিন)।
- মনোনীত ছাত্র-ছাত্রীদের ভর্তি কার্যক্রম ০৬/০৫/২০২৬ থেকে ১৮/০৫/২০২৬ তারিখ পর্যন্ত চলবে।

কলেজের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইট হতে ফরম উত্তোলনের পদ্ধতি:

1. <https://tolaramcollege.eshiksaems.com> ওয়েবসাইটে username: **tolaramstudent**, password: **tolaramstudent** দিয়ে সফটওয়্যার Login করার পর Online Admission এ ক্লিক করে Click for New Admission এ ক্লিক করতে হবে।
2. যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয় Select করে শিক্ষার্থীর NU Admission Roll দিয়ে Check for Admission ক্লিক করতে হবে।
3. Student Information-এ তথ্য সমূহ পূরণ করে Submit-এ ক্লিক করতে হবে।
4. সর্বশেষ টাকার পরিমাণসহ ভর্তির ফরম আসবে। শিক্ষার্থী bKash/Rocket/Upay এ নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে ক্লাস রোল পড়বে।

ভর্তি প্রক্রিয়া:

- ❖ প্রিন্টকৃত আবেদন ফরম দুটি নিম্নে উল্লেখিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট বিভাগ হতে যাচাই ও স্বাক্ষর গ্রহণ করবে। তারপর সংশ্লিষ্ট বিভাগে সেমিনার ফি জমা দিয়ে (বিজ্ঞান চার বছরের জন্য ২,৪০০/- টাকা, ব্যবসায় শিক্ষা ও কলা বিভাগ চার বছরের জন্য ১,৮০০/-) রশিদ গ্রহণ করবে।
- ❖ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ভর্তির জন্য মনোনীত হলে তার কম্পিউটার প্রিন্ট কপি সংগ্রহ করবে এবং স্ব স্ব বিভাগ রেজাল্ট সিট দেখে শিক্ষার্থীর উত্তীর্ণ হওয়া নিশ্চিত হয়ে ভর্তি সংক্রান্ত কাজ সম্পন্ন করবেন।
- ❖ ভর্তি ফরমে প্রদত্ত মোবাইল নম্বরের মাধ্যমে কলেজের জরুরি নোটিশ শিক্ষার্থীদের জানানো হয়ে থাকে। অতএব কোন অবস্থাতেই মোবাইল নম্বর পরিবর্তন করা যাবে না। যদি মোবাইল নম্বর পরিবর্তন করে তাহলে অবশ্যই কলেজের সংশ্লিষ্ট বিভাগকে সঙ্গে সঙ্গে অবহিত করতে হবে।

ফি প্রদান প্রক্রিয়াঃ

ভর্তির নির্ধারিত ফি ডিজিটাল লেনদেন “বিকাশ/রকেট/উপায়” এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

bKASH > PAY BILL > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Admission Roll) > TK > PAID

Or

ROCKET > BILL PAY > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Admission Roll) > TK > PAID

Or

Upay > Education > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Admission Roll) > TK > PAID

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি ফি:

ক্র.নং.	কোর্স / বিষয়	টাকা
১.	বাংলা	৪,২৩৬/-
২.	ইংরেজি	৪,২৩৬/-
৩.	দর্শন	৪,২৩৬/-
৪.	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৪,২৩৬/-
৫.	অর্থনীতি	৪,২৩৬/-
৬.	রাষ্ট্রবিজ্ঞান	৪,২৩৬/-
৭.	সমাজকর্ম	৪,২৩৬/-
৮.	হিসাববিজ্ঞান	৪,৩৫৬/-
৯.	ব্যবস্থাপনা	৪,৩৫৬/-
১০.	উদ্ভিদবিজ্ঞান	৪,৫৭৬/-
১১.	প্রাণিবিজ্ঞান	৪,৫৭৬/-
১২.	পদার্থবিজ্ঞান	৪,৫৭৬/-
১৩.	রসায়ন	৪,৫৭৬/-
১৪.	গণিত	৪,৫৭৬/-

ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে:

১. অনলাইনে টাকা পরিশোধের মানি রিসিটের কপি।
২. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সম্মান পরীক্ষার মূল নম্বরপত্র ও সনদপত্র জমা দিতে হবে।
৩. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/ সম্মান পরীক্ষার নম্বরপত্র, সনদপত্র ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৪. শিক্ষা বিরতি সনদপত্র (প্রয়োজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।
৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ২ কপি (পাসপোর্ট সাইজের ১টি ছবি নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে লাগাতে হবে)।
৬. ওয়েব সাইট থেকে ডাউনলোড করা ভর্তির আবেদন ফরম ও অন্যান্য কাগজপত্র ০২ সেট ফটোকপি করে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।
৭. কোটায় ভর্তির জন্য মনোনীত হলে কোটা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র অবশ্যই জমা দিতে হবে।

বি: দ্র: ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। উক্ত কাগজপত্র জমা না দিলে ভর্তি সংক্রান্ত কোনো জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


(প্রফেসর মো. শহীদুল ইসলাম)

অধ্যক্ষ

সরকারি তোলারাম কলেজ

নারায়ণগঞ্জ

